

advertisement

যুক্তরাজ্যের সেরা শিক্ষক আবিদ

আমাদের সময় ডেস্ক

৪ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ৪ জুলাই ২০১৯ ০৮:৫৩



কথা বলতে সমস্যা হলেও নিরলস প্রচেষ্টায় যুক্তরাজ্যের দেশসেরা শিক্ষক নির্বাচিত হয়েছেন ব্রিটিশ-বাংলাদেশি আবিদ আহমেদ। এর আগেও দেশটির সেরা শিক্ষকদের সংক্ষিপ্ত তালিকায় (টিইএস-টাইমস এডুকেশন সাপ্লিমেন্ট অ্যাওয়ার্ড) নাম এসেছিল তার। এরপর বহু বাধা-বিপত্তির দেয়াল পেরিয়ে অবশেষে কাক্সিক্ষিত এ পুরস্কার অর্জন করেছেন আবিদ।

আবিদের বাড়ি সিলেটে। ছেলেবেলা থেকেই তার স্বপ্ন ছিল একজন শিক্ষক হবেন। যুক্তরাজ্যের নিউম্যান ইউনিভার্সিটি থেকে ক্রীড়ায় স্নাতক ডিগ্রি অর্জনের পর বার্মিংহাম ইউনিভার্সিটিতে টিচার্স ট্রেনিংয়ে ভর্তির সুযোগ পান আবিদ।

এক বছর পর তিনি বার্মিংহামে বাংলাদেশি অধ্যুষিত লজেলস এলাকার হলটি স্কুলে গণিতে শিক্ষকতার সুযোগ পান। এক সময় নিজেও এ স্কুলের ছাত্র ছিলেন আবিদ। গণিতে শিক্ষকতার পাশাপাশি আবিদ স্কুলে কথা বলতে সমস্যা হয়-এমন শিক্ষার্থীদের জন্য সাপোর্ট গ্রুপ চালু করেন। গত বছর তিনি শুরু করেন বিবিসি থ্রি ডকুমেন্টারি সিরিজ ‘অ্যামাজিং হিউম্যান’। এতে উঠে আসে আবিদ কীভাবে কথা মুখে আটকে যায়-এমন

শিশুদের জন্য গণিতের ক্লাস পরিচালনা করেন এবং তাদের উদ্দীপ্ত করেন। বিশ্ব তোতলা দিবস বা ইন্টারন্যাশন্যাল স্টামার অ্যাওয়ারেনেস ডের জন্য তার তৈরি ভিডিও ব্যাপক প্রশংসিত হয়।

আবিদ বলেন, তিনি প্রতিবন্ধকতাকে জয় করতে পেরে তার কাঙ্ক্ষিত পেশায় আসতে পেরেছেন। তিনি বিশ্বাস করেন শারীরিক অক্ষমতা কোনো বাধা নয়। তিনি সক্ষমতা কম, এমন মানুষদের প্রেরণা হতে চান।